

পাবিপ্রবিতে উপাচার্যবিরোধী আন্দোলন অব্যাহত

পাবনা প্রতিনিধি

৬ নভেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ৬ নভেম্বর ২০১৯ ০০:৫৪



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পাবিপ্রবি) দুর্নীতি

ও অনিয়মের অভিযোগে উপাচার্যবিরোধী আন্দোলন অব্যাহত রেখেছেন শিক্ষার্থীরা। গতকাল মঙ্গলবার দুপুরে আন্দোলনকারী শিক্ষার্থীরা ক্যাম্পাসে একটি বিক্ষোভ মিছিল বের করেন। বিক্ষোভ মিছিলটি ক্যাম্পাস ঘুরে প্রশাসনিক ভবনের সামনে এসে অবস্থান নেয়। সেখানে উপাচার্যের বিরুদ্ধে নানা সেগুণাগান দিতে থাকেন তারা। এদিকে শিক্ষার্থীদের আন্দোলন অব্যাহত থাকলেও প্রশাসনিক কার্যক্রম যথারীতি চলছে বলে জানিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। আন্দোলকারীরা জানান, সম্প্রতি ফাঁস হওয়া

পাবিপ্রবি উপাচার্য ড. এম রোকেন আলীর কাছে চাকরিপ্রার্থীর ঘুষ ফেরতের অডিও তদন্তসহ ১২ দফা দাবি পূরণে পাঁচ দিন ধরে আন্দোলন করে আসছেন শিক্ষার্থীরা। দাবি পূরণে বেঁধে দেওয়া সময়সীমা পার হলেও প্রশাসন কোনো পদক্ষেপ না নেওয়ায় উপাচার্যসহ প্রশাসনিক কর্মকর্তাদের পদত্যাগের এক দফা দাবিতে আন্দোলন শুরু করেন তারা।

বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোষ্ট সাইফুল ইসলাম জানান, আন্দোলনকারী শিক্ষার্থীরা ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল গতকালও করেছেন। তবে বিশ্ববিদ্যালয়েল প্রশাসনিক সব কার্যক্রম চলছে। এ ছাড়া advertisement একাডেমিক ভবন খোলা থাকলেও শিক্ষার্থীদের উপস্থিতি না থাকায় কোনো ক্লাস হয়নি।

পাবিপ্রবির প্রষ্ঠার ড. প্রীতম কুমার দাস জানান, শিক্ষার্থীদের একটি অংশ আন্দোলন করলেও আমাদের প্রশাসনিক কার্যক্রম যথারীতি চলছে। আগামী ১৫ নভেম্বর বিশ্ববিদ্যালয়ের অনার্স প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার প্রস্তুতি উপলক্ষে গতকাল মঙ্গলবার উপাচার্যসহ বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কর্মকর্তারা জেলা প্রশাসকের সঙ্গে বৈঠক করেছেন।